

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃত্ব সংক্রান্ত প্রকাশিত

শনিবার, জুন ২০, ১৯৮৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

ঢাকা, ২০শে জুন, ১৯৮৭/৫ই আষাঢ়, ১৩৯৪

নং এস, আর, ও ১২৮-আইন/৮৭—Civil [Courts Act, 1887 (XII of 1887)—এর sections 13 ও 14 এবং Code of Criminal Procedure এর sections 7 ও 9 এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার—

(১) অত্র মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত প্রজ্ঞাপনগুলিতে নিম্নরূপ সংশোধন করিলেন, যথাঃ—

- (ক) ৬-৮-১৯৮৪ তারিখের এস, আর, ও ৩৮০-এন/৮৪/৫৪৬-জে৪/সি-১/৮৪ নং প্রজ্ঞাপনের তফসিলে, কলাম I এর এন্ট্রি 29 এ “and Narail” শব্দদ্বয় এবং উহার বিপরীতে কলাম II এর এন্ট্রিতে “and Narail” শব্দদ্বয় বিলুপ্ত হইবে;
- (খ) ১৯৮৪ সালের ১৫ই সেপ্টেম্বর তারিখের এস, আর, ও, ৪১৬-এন/৮৪/৬৪৮ জে৪/সি-১/৮৪ নং প্রজ্ঞাপনের তফসিলে, কলাম I এর এন্ট্রি 2 এ “and Narail” শব্দদ্বয় এবং উহার বিপরীতে কলাম II এর এন্ট্রিতে “and Narail” শব্দদ্বয় বিলুপ্ত হইবে; এবং
- (গ) ১৭-১২-১৯৮৪ তারিখের এস, আর, ও, ৫৬২-এন/৮৪-জে৪/সি-১/৮৪ নং প্রজ্ঞাপনের তফসিলে, কলাম I এর এন্ট্রি 13 এ “and Panchagarh” শব্দদ্বয় এবং উহার বিপরীতে কলাম II এর এন্ট্রি 13 তে “and Panchagarh” শব্দদ্বয় বিলুপ্ত হইবে;

(৩০৩৭)

মূল্য: ৩০ পয়সা

- (২)(ক) নিম্ন তফসিলের কলাম(২) এ উল্লেখিত জেলাসমূহকে উহাদের বিপরীতে কলাম (৩)এ উল্লেখিত জেলা জজশীপ সমূহের স্থানীয় অধিক্ষেত্র হিসাবে নির্ধারণ করিলেন;
- (খ) নির্দেশ দিলেন যে উক্ত তফসিলের কলাম (৩) এ উল্লেখিত প্রত্যেক সেশনস ডিভিশন হইবে উহার বিপরীতে একই তফসিলের কলাম (২) এ উল্লেখিত জেলা; এবং
- (গ) উক্ত তফসিলের কলাম (৪) এ উল্লেখিত স্থানসমূহকে উহাদের বিপরীতে কলাম (৩) এ উল্লেখিত জেলা জজশীপ এবং সেশনস ডিভিশন সমূহের বিচারবার্ষ অনুষ্ঠানের স্থান হিসাবে নির্ধারণ করিলেন;

তফসিল

ক্রমিক নং	জেলার নাম	জেলা জজশীপ ও সেশনস ডিভিশনের নাম।	বিচারবার্ষ অনু- ষ্ঠানের স্থান।
১	২	৩	৪
১	পঞ্চগড়	জেলা জজশীপ ও সেশনস ডিভিশন, পঞ্চগড়	পঞ্চগড়
২	নড়াইল	জেলা জজশীপ ও সেশনস ডিভিশন, নড়াইল	নড়াইল

রাষ্ট্রপতির আদেশক্রমে
হাফিজ উদ্দীন আহমেদ
উপ-সচিব।